


সংগঠন করা ও স্বাধীনতার নীতিমালা	
Freedom of Association	
প্রধান তত্ত্বাবধায়ক	: এ.জি.এম. কমপ্লায়েন্স এবং ই.এম.এস.
বাস্তবায়কারী	: সকল বিভাগীয় প্রধান
প্রণয়নের তারিখ	: ০১/০১/২০১১ ইং
সর্বশেষ সংশোধনী	: ০১/০১/২০১৯ ইং
পুনরায়- সংশোধন/ বিবেচনা	: সময়, অবস্থা, স্থানীয় আইনের পরিবর্তন/ সংযোজন/ বিয়োজন, আন্তর্জাতিক আইনের পরিবর্তন/ সংযোজন/ বিয়োজন, ক্রেতার চাহিদা এবং অডিট রিপোর্টের ভিত্তিতে।
অনুমোদনক্রমে- ব্যবস্থাপনা পরিচালক (স্বাক্ষর ও তারিখ)	: 

ভূমিকাঃ

প্রত্যেক মানুষের ব্যক্তি স্বাধীনতা আছে। কারখানায় কর্মরত শ্রমিক কর্মচারীদের স্বাধীন ভাবে মত প্রকাশ, মুক্ত চর্চা ও কল্যাণমূলক ফোরাম ইত্যাদিতে শ্রমিক কর্মচারীদের যথাযথ সহায়তা প্রদান করে থাকে।

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ১৭৬ ধারা মোতাবেক প্রত্যেক শ্রমিক কর্মচারী আইন সংগত ও শান্তিপূর্ণভাবে সংগঠন করার স্বাধীনতা প্রদান করে। এ অধ্যাদেশে বর্ণিত বিধান সাপেক্ষেঃ-

- ✓ ভেদাভেদ নির্বিশেষে কোনরূপ পূর্ব অনুমতি ছাড়াই কেবল সংশ্লিষ্ট সংগঠনের বিধিমালা সাপেক্ষে নিজেদের পছন্দমত সমিতি গঠনের এবং সমিতিতে যোগদানের অধিকার সকল শ্রমিকদের আছে।
- ✓ ভেদাভেদ নির্বিশেষে কোনরূপ পূর্ব অনুমতি ছাড়াই কেবল সংশ্লিষ্ট সংগঠনের বিধিমালা সাপেক্ষে নিজেদের পছন্দমত সমিতি গঠনের এবং সমিতিতে যোগদানের অধিকার সকল মালিকদের আছে।
- ✓ ট্রেড ইউনিয়ন সমূহের এবং মালিকদের সমিতি সমূহের নিজস্ব সংবিধান ও বিধিমালা প্রণয়নের সম্পূর্ণ স্বাধীনভাবে নিজস্ব প্রতিনিধিদের নির্বাচনের, সমিতি প্রশাসন ও কর্মতৎপরতা, সংগঠনের এবং কর্মসূচি প্রণয়নের অধিকার থাকবে।
- ✓ শ্রমিকদের ও মালিকদের সমিতিসমূহের ফেডারেশন বা কনফেডারেশন এবং অনুরূপ যে কোন সংগঠনের তাতে যোগদানের অধিকার থাকবে এবং অনুরূপ ফেডারেশন ও কনফেডারেশন সমূহের মালিক বা শ্রমিকদের আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও কনফেডারেশনের সাথে সমিতিভুক্ত হওয়ার অধিকার থাকবে।

“সমিতি গঠনের অধিকার” এর মধ্যে আইনসংগত উদ্দেশ্যে শ্রমিকগণ কর্তৃক ট্রেড ইউনিয়ন গঠন করাও অন্তর্ভুক্ত। আইনে উল্লিখিত বিধানসমূহের অধীনে অধিকার প্রয়োগের বেলায় দেশের আইনের প্রতি আনুগত্য প্রদর্শন করতে হবে। যে প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহে ট্রেড ইউনিয়ন গঠন করবে সেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মোট শ্রমিকের শতকরা ২০ ভাগ সদস্য ভুক্ত না হলে শ্রমিকের কোন ট্রেড ইউনিয়ন এ অধ্যাদেশে মোতাবেক রেজিস্ট্রেশন পাওয়ার অধিকারী হবে না।

আইনগত শর্ত পূরণ সাপেক্ষে যে কোন ট্রেড ইউনিয়ন এর সভাপতি ও সম্বলিত দরখাস্ত পেশ করে এ অধ্যাদেশে অনুসারে ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রি করার জন্য আবেদন করতে পারবে।

ট্রেড ইউনিয়নের কাজ হবে তার সদস্যদের স্বার্থ উন্নয়ন করা এবং এ লক্ষ্য অর্জনে মালিকের সংগে আলাপ আলোচনার মাধ্যমে সঠিক সিদ্ধান্তে উপনিত হওয়া।